১

দৈনিক সংবাদ

তারিখ 07 JUL 199৬
পৃষ্ঠা ৮ কলাম ৩

শিক্ষার জন্য খাদ্য কর্মসূচি

# কিশোরগঞ্জঃ ২৪ মেট্রিক টন গম ফেরত গেছে

॥ আবু বকর সিদ্দিক ছিরো ॥

কিশোরগঞ্জ, ৬ই জুলাই।— করিমগঞ্জ থানার ৮টি প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসা ১৪শ' ছাত্রছাত্রী গত মাসে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচির গম পায়নি। 'জুন ক্লোজিং'-এর শিকার এ হতভাগ্য ছাত্রছাত্রীদের জন্যে গত জুন মাসে বরাদ্দকৃত ২৪ মেট্রিক টন গম উত্তোলন না করায় ফেরত গেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাসময়ে ডি,ও, লেটার ইস্যু না করার কারণেই এ অবস্থার সৃষ্টি হয়েছে।

করিমগঞ্জ থানার যে ৮টি শিক্ষা প্রতিষ্ঠান গত জুন মাসের গম প্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছে সেগুলো হচ্ছে ঃ উত্তর চাতল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, সুতারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বালিয়াপাড়া এবতেদায়ী মাদ্রাসা, পুরান চামটা সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাসনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, চাতল সরকারি প্রাথমিক বিদ্যালয়, চাতল নয়াপাড়া এবতেদায়ী মাদ্রাসা ও ধীতপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়।

এ ব্যাপারে করিমগঞ্জ থানা নির্বাহী অফিসার এবং ভারপ্রাপ্ত থানা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করা হলে তারা উপরোক্ত ঘটনার কথা স্বীকার করেন। এদিকে সংশ্লিষ্ট দুর্নীতিপরায়ণ কর্তৃপক্ষের গাফিলতি ও দায়িত্বহীনতার কারণে ৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৪শ' ছাত্রছাত্রীর ফেরত যাওয়া ২৪ মেট্রিক টন গম পুনরায় ফেরত আনার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় লোকজন জোর দাবি জানিয়েছে।